দৈনিক ইত্তেফাক

8 JAN 2017

# কালিহাতীতে বই বিতরণে টাকা নেওয়ার অভিযোগ

■ ভূঞাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

কালিহাতী উপজেলার দশকিয়া ইউনিয়নের হাতিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যের বই বিতরণে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। হাতিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, শ্রেণি ভিত্তিক ৩০ থেকে ৫০ টাকার বিনিময়ে সরকারি বিনামূল্যের বই নিতে হচ্ছে। যারা টাকা দিতে পারেনি তারা বই নিতে পারছে না।

দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী আফরোজার অভিভাবক আজমত আলী জানান, তার মেয়ের বই নিতে শিক্ষকদের ৪০ টাকা দিতে হয়েছে। অভিভাবক শফিকুল ইসলাম জানান, মেয়ের কাছ থেকে বই এবং ভর্তি বাবদ শিক্ষকরা ৯০ টাকা নিয়েছেন। সহকারী শিক্ষক হাসানুজ্জামান জানান, বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল খেলার টাকা এখান থেকেই খরচ করা হবে। বিদ্যালয়ের সভাপতি বছির উদ্দিন জানান, আগের সভাপতিরাও বই বিতরণের সময় টাকা নিত। এ টাকাটা বার্ষিক খেলাধুলায় খরচ করতে হয়।

উপজেলা শিক্ষা কর্মকর্তা জাকিয়া পারভীন জানান, বই বিতরণে টাকা নেওয়ার অভিযোগ প্রমাণিত হলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু আসার উদ্দিন জানান, বিষয়টি জানার পরই প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে।